

জেটলির কটাক্ষ

কেন্দ্রীয় অর্থ ও প্রতিরক্ষামন্ত্রী অরুণ জেটলি বেজিংকে কটাক্ষ করে বলেছেন, ৬২-র ভারত আর নেই। উল্লেখ্য, চিনের সেনাবাহিনী সম্প্রতি ১৯৬২ সালের যুদ্ধের কথা স্মরণ করিয়ে দিয়েছে ভারতকে।

কলকাতা, কাঁথি, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

# আর্থিক লিপি

ডাঃ রায়

কিংবদন্তী চিকিৎসক এবং বাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায়ের আজ জন্মদিন ও তিরোধান দিবস। এই দিনটি সারা রাজ্যে চিকিৎসক দিবস হিসেবে পালিত হয়। এদিন কলকাতায় তাঁর সম্মানে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

যোগাযোগ করুন : ২৩০-২৬৯২৩০-২৩০, Fax : (03192) 234-325, E-mail : arthiklipi@gmail.com

পৃষ্ঠা ঃ ৩

Vol - V, ISSUE No - 335 ৮ পাতা ● পোর্ট ব্লেয়ার ● শনিবার ● ১৬ আষাঢ়, ১৪২৪ ● ১ জুলাই, ২০১৭ ● PORT BLAIR ● SATURDAY ● JULY 1, 2017 Price : Rs. 3.00 ● মূল্য : ৩ টাকা


## রোজনামচা

**শুরু হল:** সাগরিতারা স্কুলে ঘোষণা করা হয়েছে, নবম শ্রেণি থেকে স্কুলের ২০১৭-১৮ সালের শিক্ষাবর্ষ সকাল ৯টা থেকে শুরু হবে।

**বিদ্যুৎ বিভ্রাট:** হাড্ডো ওয়ার্ফ অঞ্চলে সকাল ৭টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত বিদ্যুৎ না থাকার সম্ভাবনা রয়েছে।

**জাহাজ ছাড়ার সময় :** এমভি ক্যাম্পবেল বে থেকে হাট-বে'র উদ্দেশে হাড্ডো ওয়ার্ফ থেকে সকাল ৬.৩০ মিনিটে ছেড়ে যাবে।

**ফর্ম:** আন্দামান অ্যান্ড নিকোবর আইল্যান্ডস ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস-এর ভর্তির ফর্ম ডাউনলোড করা শুরু হচ্ছে।

**বিতরণ :** বিদ্যুৎ দফতর এসএডি ডিভিশন এবং সদর দফতরের সাইট অফিসগুলিতে গ্রাহকদের মধ্যে এলইডি বাল্ব বিতরণ করবে। বিতরণের সময়সীমা সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

**সমীক্ষা:** সিএসআর কর্মসূচির অধীনে মাদকাসক্ত এবং আত্মহত্যার প্রবণতা রয়েছে যাদের, তাদের নিয়ে সমীক্ষা শুরু করছে ডাইরেক্টরেট অফ হেলথ সার্ভিসেস।

## বিদ্যুৎ বিভ্রাট

পোর্ট ব্লেয়ার, ৩০ মে: আজ সকাল ৮টা থেকে দুপুর ২টো পর্যন্ত কিছু অঞ্চলেও বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকবে। এপিডাব্লুডি-এর পক্ষ থেকে ডলিগঞ্জ জংশনে সিসি ড্রেনের নির্মানকাজ চলার জন্য নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন রাখা হবে। যে সব এলাকায় বিদ্যুৎ পরিষেবা বন্ধ রাখা হবে সেগুলি হল, মিনি বে, ওল্ড পাহাড়গাঁও, স্কুল লাইনের কিছু অংশ, লাম্বালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট অঞ্চল।

## কৃষকদের জন্য কৃষি বিষয়ক আবহাওয়ার খবর

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন : সেন্ট্রাল আইল্যান্ড এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউটের পক্ষ থেকে দ্বীপাঞ্চলের কৃষিজীবীদের জন্য ১-৫ জুলাই পর্যন্ত কৃষি বিষয়ক আবহাওয়ার বুলেটিন প্রকাশ করা হয়েছে। এই বুলেটিনে জানানো হয়েছে, সিআইএআরআই'র পূর্বাভাসে আগামী ৫ দিন আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। সঙ্গে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলেও জানানো হয়েছে। এই সময়কালে দক্ষিণ আন্দামানে ৭৭ মিমি, উত্তর ও মধ্য আন্দামানে ৫০ মিমি এবং নিকোবর দ্বীপপুঞ্জে ৯৫ মিমি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সর্বাধিক তাপমাত্রা ২৯ থেকে ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ থেকে ২৬ ডিগ্রি সেলসিয়াস থাকবে। অন্যদিকে বাতাসে সর্বোচ্চ ও সর্বনিম্ন আপেক্ষিক আদ্রতার পরিমাণ থাকবে যথাক্রমে ৭৮-৮১ শতাংশ, ৭২-৭৭ শতাংশ থাকার সম্ভাবনা রয়েছে। বাতাসের গতিবেগ প্রতি ঘণ্টায় ২২-২৯ কিমি থাকবে। বাতাস মূলত দক্ষিণ- পশ্চিমগামী বইবে বলেও জানানো হয়েছে। দক্ষিণ আন্দামানের কৃষকদের জমিতে ইঁদুরের উপদ্রবের দিকে নজর করার পরামর্শ প্রদান করা হয়েছে। এর পাশাপাশি প্রয়োজনে ইঁদুর মারার জন্য ফাঁদ পাতার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া জল জমার দিকেও নজর রাখতে হবে। ফসর ও সবজি পাকার সময় জল জমলে ক্ষতির আশঙ্কা রয়েছে। এবং কৃষি যোগ্য জমি সবসময় পরিষ্কার রাখতে পরামর্শ দেওয়া হয়েছে। এর সঙ্গেই পোলট্রি ব্যবসায়ীদের জন্য পরামর্শ দেওয়া হয়েছে, সবসময় সাফাই এর দিকে লক্ষ্য রাখার। প্যাথোজেনের বৃদ্ধি এড়াতেই এই নির্দেশ। নিকোবরের চাষীদের জন্যও এই একই পরামর্শ মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

# ২৫৭ টিডিআরএমএসের কর্মীদের জন্য বেতন বৃদ্ধি করল পুর কাউন্সিল

রূপা লাল

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন: শুক্রবার বড়সড় স্বস্তি পেল পুরসভার কর্মচারীরা। এদিন আম্বেদকর স্টেডিয়ামে একটি সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় উপস্থিত ছিলেন চেয়ারপার্সন বি এসওয়ার রাও। তিনি শ্রমিকের সর্বাধিক দৈনিক মজুরির আবেদন মঞ্জুর করেছেন। সভার শেষে জানানো হয়েছে, ২৫৭ টিডিআরএমএসের কাছে নির্দেশ দেওয়া হয়েছে ন্যূনতম বেতন স্কেল অনুসারে কর্মীদের বেতন দেওয়া হবে। ১ জুলাই থেকে অন্যান্য সমস্ত সুবিধা সহ প্রতি মাসে ১০,০০০ টাকা করে অতিরিক্ত মাসিক মজুরি বাড়ানো হবে।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এন কে উদমাকুমার, সিনিয়র ভাইস চেয়ারপার্সন ধর্মীয় নারায়ণ, জুনিয়র ভাইস চেয়ারম্যান শশি কোহাল, পোর্ট ব্লেয়ার মিউনিসিপ্যাল কর্পোরেশনের কাউন্সিলর, অফিসার ও কর্মকর্তারা। বৈঠকে বি এস রাও জানান, প্রত্যেকটি জায়গায় রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। তার ফলে কর্মচারী ও শ্রমিকদের কল্যাণ ও শহরের উন্নয়নের জন্য ব্যয় বৃদ্ধি করা হবে। ২০১০ সাল থেকে কাউন্সিলে সেবা প্রদানের জন্য বিআরএমএস'কে তাদের অগ্রাধিকারের ভিত্তিতে এবং নিখরচায় শ্রমিকদের কল্যাণ প্রকল্পের সুবিধা দেওয়া হবে। ১০ থেকে ১৫ বছর ধরে এই পদে স্থায়ীভাবে মজদুরারা কল্যাণমূলক কাজ করে চলেছেন। সেই কারণে তাদের সামগ্রিক উন্নয়নের জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। কাউন্সিলের তরফে অন্যান্য কল্যাণ প্রকল্প বাস্তবায়িত করা হয়েছে। এর ফলে কোনও কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যু হলে ২ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদান করা হবে।

যদি কর্মরত অবস্থায় কোনও কর্মচারী মারা যান সে ক্ষেত্রে মৃতের পরিবারের একজনকে কাজ দেওয়ার ব্যবস্থা করা হবে। গ্রুপ ডি কর্মীদের মেয়ের বিবাহের জন্য পাঁচ হাজার টাকা করে সহায়তা প্রদান করা হবে। এই কল্যাণ প্রকল্প বাস্তবায়ীত করার জন্য সাংসদ বিষ্ণুপদ রায় ও সচিব জসপাল গর্গের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউসালা। তিনি সপ্তম বেতন কমিশনের উপকারিতা বাস্তবায়নের জন্য প্রশাসনের কয়েকটি বিভাগের মধ্যে পুর কাউন্সিল এবং কর্মী সমর্থকদের কল্যাণ নিশ্চিত করার জন্য তাঁর অসাধারণ প্রচেষ্টার প্রশংসা করেন।

# বাস ভাড়া বাড়ানোর নির্দেশ এসটিএর

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন: ১ জুলাই অর্থাৎ আজ থেকে জিএসটি কার্যকর হতে চলেছে। সেই কারণে রাজ্য পরিবহণ কর্তৃপক্ষ পর্যায়ক্রমে নিকোবর দ্বীপপুঞ্জে আধা ডিলাক্স, এক্সপ্রেস, এয়ার কণ্ডিশনএক্সপ্রেসের ও স্থানীয় বাসের ভাড়া বৃদ্ধি করতে চলেছে। মে মাসে জারি করা বিজ্ঞপ্তির মাধ্যমে ন্যূনতম ভাড়া ০-২ কিমির জন্য ৮ টাকা, ৪-৬ কিলোমিটার জন্য ১০ টাকা, ২৬-২৮ কিলোমিটার জন্য ২৪ টাকা এবং সর্বোচ্চ বাসের ৩৮৪ থেকে ৩৫০ কিলোমিটার পর্যন্ত সর্বোচ্চ ভাড়া ২২৯ টাকাতে উন্নতি করা হয়েছে। সাধারণ এক্সপ্রেস বাসগুলি ৯০ টাকা, ১১০ টাকা, ১৬০ টাকা, ১৮০ টাকা, ২২ টাকা, ২৮০ টাকা, ২৪০ টাকা, এবং ১৪০ টাকার করা হয়েছে।

বারাটাং কদমতলা, রঙ্গত, নিম বাডেরার, মায়াবুন্দের, ডিগলিপুর পর্যন্ত ভ্রমণ করার ক্ষেত্রে আধা ডিলাক্স এবং এয়ার কণ্ডিশন বা এক্সপ্রেস বাসগুলির ক্ষেত্রে ন্যূনতম ভাড়ার ধার্য হয়েছে ১১০ টাকা, ১২০ টাকা ও ১৪০ টাকা। এই ভাড়া বৃদ্ধি পেয়ে সর্বোচ্চ অঙ্কে ধার্য হচ্ছে ৩৫০ টাকা, ৩৮৫ টাকা, ৪৬০ টাকা।

এসটিএ শিশুদের, শিক্ষার্থীদের বয়স্ক নাগরিক, মুক্তিযোদ্ধাদের জন্য ভাড়ার ক্ষেত্রে ছাড় ঘোষণা করেছে। তবে ৫ বছর ওপরে শিশুকে সাধারণ এক্সপ্রেসে ছাড় দেওয়া হবে না।

শিক্ষার্থীদের ০ থেকে ১৬ কিলোমিটার মধ্যে ৫০ শতাংশ ছাড় দেওয়া হবে। বিশদ সংশোধিত ভাড়া তালিকা আন্দামান ও নিকোবর প্রশাসনের অফিশিয়াল ওয়েব সাইট পাওয়া যাবে এবং আন্দামান ও নিকোবর গেজেটেও এই বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

## সিবিএসই-এর শীর্ষস্থানাধিকারীদের সংবর্ধনা জ্ঞাপন করবে অন্ধ্র অ্যাসোসিয়েশন

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন: দ্য ম্যানেজমেন্ট কমিটি অফ অন্ধ্র অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ২০১৬-১৭ বর্ষে দ্বীপাঞ্চলের দশম ও দ্বাদশ শ্রেণীর প্রত্যেক স্ট্রিমের তেলুগুভাষী প্রথম স্থানাধিকারী তিন পড়ুয়াকে অভিনন্দন জানাবে ও সংবর্ধনা দেওয়া হবে।

দশম ও দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদের মার্কশিট ও অন্যান্য নথিপত্র জমা দিতে হবে অন্ধ্র অ্যাসোসিয়েশনের পোর্ট ব্লেয়ারের দপ্তরে ৫ জুলাইয়ের মধ্যে বিকেল ৫টা থেকে রাত ৮টার ভিতর।

এছাড়া ইমেলের মাধ্যমেও নথিপত্র জমা দিতে পারেন। ইমেলের আইডি:mailonbonda-da@gmail.com

## জংলিঘাটে শুরু হল গোয়েঙ্কা বুটিক

পোর্ট ব্লেয়ার, ৩০ মে: জংলিঘাটে গোয়েঙ্কা গোষ্ঠির পোশাকের বিপনির শুভ সূচনা করা হল শুক্রবার। এটি শুধুমাত্র মহিলাদের জন্য এক অনন্য বুটিক। এই বুটিকে বিবাহ উৎসবের জন্য আকর্ষনীয় পোশাকের সম্ভার রাখা হয়েছে। এছাড়া থাকছে ডিজাইনার শাড়ি, রেডিমেড স্যুট, কুর্তি, সালোয়ারের পিস, লেগিংস, এমনকি ওয়েস্টার্ণ পোশাক। এই বাতানুকুল শোরুমে কোনাকোটায় সমস্ত রকমের সুবিধা পাবেন মহিলারা। শুক্রবার এই বুটিকেপ উদ্বোধন করেন সাংসদ বিষ্ণুপদ রায়। এইন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌরসংস্থার চেয়ারপার্সন বি ঈশর রাও, পিবিএমসি-এর প্রাক্তন চেয়ারম্যান কে গনেশন এবং গোয়েঙ্কাএদর সকল ক্রেতারা। পাশাপাশি ছিলেন তাদের কর্মচারিরাও। গোয়েঙ্কা পরিবারের সদস্যদের এই উদ্বোধনী

অনুষ্ঠানের পর শুভেচ্ছা জানান সাংসদ বিষ্ণুপদ রায়। এই নতুন বিপনির সূচনা হতেই শহরের শীর্ষস্থানীয় ব্যাসায়ী পরিবারের সদস্যরা খোঁজ খবর ইতিমধ্যেই শুরু করে দিয়েছেন বুটিকের নতুন পোশাক আশাক সম্পর্কে।

## সম্পদ কর দেওয়ার সময়সীমা বাড়ল

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন: পোর্ট ব্লেয়ারের মিউনিসিপ্যাল কাউন্সিল নাগরিকদের সুবিধার জন্য পোর্ট ব্লেয়ার পুর এলাকায় সম্পদ কর দেওয়ার সময়সীমা একমাস বাড়াল। ৩০ জুন পর্যন্ত প্রথমে এই সময়সীমা স্থির হয়েছিল। এদিন ৩১ জুলাই পর্যন্ত বাড়ানো হল সময়সীমা। এই সময়ের মধ্যে সম্পদ কর সংক্রান্ত বকেয়া দেওয়া হলে ১০ শতাংশ ছাড় পাবেন নাগরিকরা।

বেশি সংখ্যার মানুষ যাতে এই সুবিধা পান, সেজন্যই সম্পদ কর দেওয়ার সময়সীমা আরও একমাস বাড়াল পোর্ট ব্লেয়ার মিউনিসিপ্যাল কাউন্সিল। সম্পদ কর দেওয়ার সময়সীমা একমাস বাড়ানোয় প্রবল চাপ সৃষ্টি হতে পারে অনুমান করে কর্তৃপক্ষ অ্যাক্সিস ব্যাঙ্কের মিডল পয়েন্ট এবং বাথুবস্তির শাখাগুলিকেও কর সংগ্রহের দায়িত্ব দিয়েছে।

তবে কাউন্সিলের তরফে রাজস্ব অফিসার এক বিবৃতি দিয়ে জানিয়েছেন, ৩১ জুলাইয়ের পর সম্পদ কর দেওয়ার ক্ষেত্রে আর ১০ শতাংশ ছাড় পাবেন না নাগরিকরা।

## বার্তা

দেশের অন্যান্য অঞ্চলের পাশাপাশি দ্বীপভূমিতেও এই জুলাই মাসে ৬৮তম বনমহোৎসব উদযাপন করবে দ্বীপপ্রশাসনের পরিবেশ ও বন দফতর। দ্বীপবাসীরা সক্রিয়ভাবে এই অভিযানে অংশগ্রহণ করবে।

১৯৫০ সালে প্রথম বন মহোৎসব উদাপন শুরু করেন কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রী প্রয়াত কে এম মুনসি। এই অভিযানের স্লোগান ছিল, "গাছ অর্থাৎ জল, জল অর্থাৎ খাদ্য এবং খাদ্য মানেই জীবন"। বৃক্ষরোপণের মধ্যে দিয়ে এই পরিবেশ হিতৈষি প্রক্রিয়ায় বনাঞ্চল রক্ষা করা সম্ভব। পাশাপাশি মৃত্তিকা ক্ষয় রোধ, বিশ্ব উষ্ণায়ন, জলবায়ু পরিবর্তন, বায়ু দূষণ নিয়ন্ত্রন করা সম্ভব।

বেশ কিছু বছর ধরেই জ্বালানি কাঠের চাহিদা বাড়তে থাকায় আরও বেশি করে গাছ লাগানোর প্রয়োজন কৃষকদেরও তাদের চাষযোগ্য জমির কিছু অংশে গাছ লাগানোর পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষত তাদের নিজস্ব জ্বালানি কাঠের চাহিদা মেটাতেই এই গাছ লাগালে পরিবেশ রক্ষা সহজসাধ্য হবে। একই রকমভাবে, সকল সরকারি ও বেসরকারি দফতরে, পঞ্চায়েত ও অন্যান্য প্রতিষ্ঠান ও সংস্থার কার্যালয়ে বৃক্ষ রোপন অভিযানের আওতায় আনা প্রয়োজন। পরিবেশ রক্ষা ও দূষণ নিয়নত্রনে বাড়ির ফাঁকা জমিতেও গাছ লাগানোর বিষয়ে প্রশাসনের পক্ষ থেকে সাধারণ মানুষকে উৎসাহিত করা হচ্ছে। তবে শুধুমাত্র এই কর্মসূচি চালাকালিন চারা গাছ রোপণের মধ্যে দিয়েই নিজেদের দায়িত্ব শেষ হয়ে যায় না, এরসঙ্গেই সারা বছর ধরে ও গাছগুলির বেড়ে ওঠার দিকেও নজর দেওয়া জরুরি।

এই উৎসব উপলক্ষে যত বেশি সম্ভব গাছ লাগানোর মধ্যে দিয়ে দ্বীপাঞ্চলের সকল মানুষকে পরিবেশ রক্ষায় সাফাই, সবুজায়ন ও সমৃদ্ধির বিষয়ে উৎসাহিত করছি।

৬৯তম বন মহোৎসব সফল করে তুলতে দ্বীপবাসীদের শুভেচ্ছা জানাচ্ছি।

*অধ্যাপক জগদীশ মুখি*

*লেফটেন্যান্ট গর্ভনর আন্দামান ও নিকোবর দ্বীপাঞ্চল*

# কেন্দ্রীয় সরকারের শ্রমিক বিরোধী নীতির নিন্দা সিটুর

পোর্ট ব্লেয়ার, ৩০ জুন : সারা ভারতে জিএসটি-র বিরুদ্ধে শুক্রবার প্রতিবাদ দিবস পালন করা হয়। এইদিন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির আন্দামান ও নিকোবর স্টেট কমিটি গণ ধর্না ও প্রকাশ্য সমাবেশের আয়োজন করে। পোর্ট ব্লেয়ার এবং ডিগলিপুরে এই সমাবেশ থেকে শ্রমিকদের জন্য ন্যূনতম ১৮ হাজার টাকা বেতন দাবি করা হয়। এছাড়া রেশন দোকানে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে সুলভ মূল্যে কেরোসিন ও চিনি দেওয়ার কথাও বলা হয়।

কেন্দ্রীয় সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলির বেসরকারিকরণ, সরকারি কাজের ব্যাপক ঠিকাদারিকরণ, শ্রম আইনের বেআইনি সংশোধনের যে নীতি নিয়েছে, তারও বিরোধিতা করে ন্যূনতম পেনশন ৩০০০ টাকা করার দাবি জানানো হয়। এছাড়া রেল, প্রতিরক্ষা এবং অন্যান্য আর্থিক সংস্থাগুলিতে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ বন্ধ করার কথাও বলেন শ্রমিক নেতারা।

পোর্ট ব্লেয়ারে গণ ধর্নার আয়োজন করা হয় তিরঙ্গা পার্কে।

সেখানে জনসভায় ভাষণ দেন সিটুর আন্দামান ও নিকোবর স্টেট কমিটির সাধারণ সম্পাদক বি চন্দ্রচূড়ণ। তিনি শ্রমিকদের ন্যূনতম বেতন ১৮ হাজার টাকা করার যে দাবি তা মানতে নারাজ হওয়ায় তীব্র সমালোচনা করেন। তিনি আরও বলেন, মোদী পরিচালিত কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষের উপর বিশেষ করে যারা সমাজের একেবারে প্রান্তিক স্তরের মানুষ তাদের উপর অধিকতর বোঝা চাপিয়ে দিচ্ছেন। কেন্দ্রীয় সরকারের কিছু কিছু আমলার কর্মীবিরোধী মনোভাবেরও তিনি তীব্র সমালোচনা করে বলেন, এইসব অফিসাররা কর্মী স্বার্থবিরোধী সিদ্ধান্ত নিচ্ছেন।

নন-গেজেটেড গভর্নমেন্ট অফিসার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক টি এস শ্রীকুমার বলেন, কেন্দ্রীয় সরকার ২০১৬ সালের ১ জানুয়ারি থেকে ৪৮ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারিকে বর্ধিত হারে অ্যালাউন্স দিতে অস্বীকার করে তাদের সঙ্গে প্রতারণা করেছেন। এছাড়া ওয়াইল্ড লাইফ এমপ্লয়িজ ইউনিয়নের আব্দুল সালাম ও এ ভূমিনাথণ সিটু স্টেট কমিটির প্রেসিডেন্টও এই সমাবেশে ভাষণ দেন। সারা ভারত প্রতিবাদ দিবসের অংশ হিসেবে ডিগলিপুরে গণ ধর্না, মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়। সিটুর ডিগলিপুর আঞ্চলিক কমিটির সম্পাদক মদনমোহন দাস এবং সারা ভারত কিষান সভার রামজীবন সরকার এই কর্মসূচিতে অংশ নেন ও ভাষণ দেন।